








১৫  
১৬  
১৭  
১৮  
১৯














ছোট রাজামশাই  
ডেকেছেন, জলদি!





এই যে মোহন, বন্দুকটা  
বের করো, বসে থেকে  
থেকে বিরক্তি ধরে গেছে



আজ্ঞে ছোট রাজামশাই,  
কোথায় যাবেন শিকারে?




নদীর ওপাড়ে, বাজকেল্লার জঙ্গলে। ওদিকে  
বাঘের আনাগোনা বেড়েছে শুনেছি,  
বন্দুকের তেজ এখনো কেমন আছে সেটা  
ওদের ওপরেই পরখ করে দেখি।



আজ্ঞে আমি বলি কি, ওদিকে এখন যাবেন  
না। অন্য দিকে চলুন, বাজকেল্লায় যাওয়া  
এখন খুব একটা সুবিধের না রাজামশাই।  
বাঘে আমি ডরাই না, কিন্তু ওদিকে বাঘের  
থেকেও ভয়ানক জানোয়ার এসে রয়েছে  
শুনেছি।

একদল ডাকাত এসে  
ওখানে ঘাঁটি গেড়েছে  
হজুর, শুনেছি ওদের  
প্রাণে মায়ামমতা নেই।  
কোম্পানীর এক  
সায়েবের পুরো  
পরিবারকে মেরে  
ফেলেছিল ওরা, দু দিন  
আগে সায়েবের লোক  
নাকি টেঁড়া পিটিয়ে বলে  
গেছে ডাকাত সর্দারের  
মাথার দাম দশ হাজার  
টাকা।




বটে? এই কারণে তুই আমায় যেতে  
বারণ করছিলি?

...

চিন্তা করিস না মোহন, তুই আর  
আমি একসাথে গেলে ডাকাত  
সর্দার জ্যান্ত পালাতে পথ পাবে না।  
যত শীঘ্র সম্ভব আমার বন্দুকটা  
বের করে নিয়ে আয়, আর বেশি  
করে টোটা নিবি। ডিঙিটা বের করে  
ঘাটে দাঁড়া, আমি আসছি...







"বাজকেল্লার ডাকাতদের আজকেই শেষ দিন।"

কুমার: